

আপনার শিশুকে স্কুলে নিরাপদ রাখা

গুরুতর হাঁপানিতে ভুগছে এমন একজন শিশুর মা-বাবা হিসাবে আমার সবচেয়ে বড় ভয় ছিল সে স্কুলে থাকাকালীন সময়ে তার সমস্যা হত। দুর্ভাগ্যবশত আমাদের ক্ষেত্রে এটি একাধিকবার ঘটেছে এবং যে স্কুলটিতে সে এখনও পড়াশোনা করছে সেটি প্রস্তুত ছিল না এবং জরুরী পরিস্থিতিতে কী করতে হবে তা জানত না। এটি আমাকে তাদের নীতি ও আইনকে চ্যালেঞ্জ করার দিকে পরিচালিত করেছিল যা থাকা উচিত ছিল।

আমি বুঝতে পারি যে সবচেয়ে কম করে বললেও নীতি ও আইন প্রণয়নের গভীরে যাওয়ার চিন্তা করাটাও একটি বিশাল ব্যাপার, তাই আশা করি এই হাতিয়ারের সাহায্যে আমি আপনাকে একজন মা-বাবা/কেয়ারার হিসাবে গাইড করতে পারি এটি নিশ্চিত করতে যে আপনার ছেলেমেয়েরা যে স্কুলে যায় তারা তাদের তত্ত্বাবধানে থাকাকালীন সময়ে যদি আপনার সন্তানের হাঁপানির আক্রমণ হয় তাদেরকে সেই ব্যাপারে যেন সচেতন এবং প্রস্তুত করা হয় এবং তারা যেন এই সমস্যার ভয়াবহতা সম্পর্কে অবগত থাকেন।

আপনার সন্তানের স্কুলে কি হাঁপানির জন্য সঠিক নীতি প্রণয়ন করা হয়েছে?

- ✓ 4 সেপ্টেম্বর 2014 তারিখ থেকে সকল স্কুল এবং অ্যাকাডেমিগুলোকে আইন অনুসারে হাঁপানিতে আক্রান্ত শিশুদের জন্য মেডিকেল কন্ডিশনস পলিসি প্রণয়ন করতে হয়।
(https://www.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/638267/supporting-pupils-at-school-with-medical-conditions.pdf)
- ✓ তাদের এই নীতিটি রয়েছে কিনা এবং যদি না থাকে তবে এটি আপনার সন্তানের এবং অন্যান্য সকল শারীরিক সমস্যায় আক্রান্ত শিশুদের জন্য থাকার প্রয়োজন রয়েছে সেই ব্যাপারে আপনার সন্তান যে স্কুলে যায় সেটিকে জিজ্ঞেস করতে/চ্যালেঞ্জ করতে ভয় পাবেন না। এটি চিলড্রেন'স অ্যান্ড ফ্যামিলিস অ্যাক্ট 2014 এর সেকশন 100 এর আওতায় রয়েছে
(<http://www.legislation.gov.uk/ukpga/2014/6/section/100/enacted>)
- ✓ হেড টিচারের সাথে একটি মিটিংয়ের ব্যবস্থা করুন, সঠিক নীতি এবং আইন আছে কিনা তা নিয়ে আলোচনা করতে চেয়ার অব গভর্নরস এর সাথে যোগাযোগ করুন। এগুলো প্রণয়ন করা হয়েছে কিনা তা দেখতে চান। যদি আপনার সন্দেহ থাকে।
- ✓ আপনার লোকাল এমপির সাথে যোগাযোগ করুন, তারা আপনার এবং আপনার সন্তানের জন্য কন্ট্রোল হবেন যদি আপনি মনে করেন যে আপনার কথা শোনা হচ্ছে না। আমার লোকাল এমপি দুর্দান্ত ছিলেন এবং সৌভাগ্যবশত আমার মেয়ে যে স্কুলে পড়ে সেখানকার বোর্ড অব গভর্নরস এ তিনি ছিলেন। সাধারণত আপনার এমপি কিছু কথা বলার পরে স্কুল দ্রুত প্রতিক্রিয়া জানায় কারণ তারা কোনো ধরনের নেতিবাচক প্রচার চায় না এবং তারা আসলে চায় আপনার সন্তান যখন স্কুলে থাকবে তখন নিরাপদ থাকুক। আপনি স্রেফ ‘আমার এলাকার লোকাল এমপি কে?’ গুগল করে আপনার লোকাল এমপিকে খুঁজে পেতে পারেন। (আপনি যে এলাকায় থাকেন সেটি টাইপ করুন) এবং আপনি এখানে তাদের সাথে যোগাযোগ করার পুরো বিবরণ পাবেন।
- ✓ আপনার লোকাল এডুকেশন অথোরিটি (LEA) এর কাছে পরামর্শ চান
<http://schoolswebdirectory.co.uk/localauthorities.php>

- ✓ আপনার সন্তানের জিপি/স্কুল নার্স/কনসালটেন্ট/অ্যাজমা নার্স/স্পেশালিষ্ট রেসপিরেটরি নার্সের সাথে কথা বলুন। তারা আপনার সন্তানের এবং আপনার পরিবারের চাহিদা নিয়ে আলোচনা করার জন্য একটি আর্লি হেলথ অ্যাসেসমেন্ট (EHA) করতে সাহায্য করতে পারবেন।
(<http://www.northumberland.gov.uk/Children/Family/Support.aspx?nccredirect=1>)
- ✓ আপনার সন্তান যে স্কুলে যায় সেটি যেন আপনার সন্তানের শারীরিক সমস্যার মোকাবেলা করতে সক্ষম হওয়ার জন্য সঠিক প্রশিক্ষণ গ্রহণ করে তার ব্যবস্থাও করতে পারে। এটি যতটাই আশ্চর্যজনক মনে হোক না কেন স্কুলগুলোরও শিক্ষার প্রয়োজন রয়েছে। মনে রাখবেন তারা হেলথকেয়ার প্রফেশনাল নন তারা টিচার এবং যদিও তারা জানেন যে তাদের বিভিন্ন ধরনের শারীরিক সমস্যার মোকাবেলা করতে হতে পারে আর তারা তা করার জন্য প্রশিক্ষিত নন। এটি যতটাই হতাশাজনক মনে হোক না কেন, তাদের হাঁপানির তীব্রতা বুঝতে সাহায্য করার জন্য আপনার সাধ্যমত চেষ্টা এবং সহায়তা করুন। আমরা যার মধ্যে দিয়ে বসবাস করছি তার মধ্যে যারা বাস করেনি, তাদের সামান্য অথবা কোনো স্তানই নেই।

আপনাকে, আপনার সন্তানকে এবং তারা যে স্কুলে যায় তাদেরকে সাহায্য করার জন্য কিছু লিংক

<https://www.asthma.org.uk/advice/child/life/school/>

<https://www.asthma.org.uk/get-involved/campaigns/successes/school-inhalers/>

https://www.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/269469/health_needs_guidance_-_revised_may_2013_final.pdf

<https://www.asthma.org.uk/advice/manage-your-asthma/young-people/>

ওয়েব লিংকগুলো দেখুন, তাদের কাছে আরো বেশি অন্যান্য ওয়েবসাইটের লিংক নাও থাকতে পারে যা আগ্রহের বিষয় হতে পারে। Asthma.uk সতিই একটি ভাল ওয়েবসাইট এবং প্রচুর তথ্য এবং প্রমাণ দেয় যা অবশ্যই সাহায্য করবে। ফোরামে যোগদান করুন এবং অন্যান্য মা-বাবা/কেয়ারারদের কাছে পরামর্শ চান, এটি জানতে সাহায্য করে যে আপনি আপনার হাঁপানির যাত্রায় একা নন। সাহায্য এবং পরামর্শ শুধুমাত্র একটি ক্লিক অথবা একটি ফোন কল দূরত্বে রয়েছে।